সমকাল

তারিখ ..05 DEC 2016.....
পৃষ্ঠা ...৩... কলাম.....৮.....

# আজ ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

■ সমকাল প্রতিবেদক

আজ সোমবার ৫ ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ১১তম সমাবর্তন অনুষ্ঠিত হবে। রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় দুপুর আড়াইটায় এ সমাবর্তন শুরু হবে। এবার স্নাতক-স্নাতকোত্তরসহ মোট এক হাজার ২৮৬ জনকে ডিগ্রি প্রদান করা হবে।

বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের অনুমতিক্রমে সমাবর্তনে সভাপতিত্ব করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিশেষ অতিথির বক্তব্য রাখবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## আজ ব্র্যাক

[তৃতীয় পৃষ্ঠার পর]

চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান স্যার ফজলে হাসান আবেদ। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন অভিনেতা ও সমাজকর্মী শাবানা আজমি। স্বাগত বক্তব্য রাখবেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ সাদ আন্দালিব।